

স্মারক নং-১৩.০১.০০০০.০৯১.৪৭.২৪১.২০.

তারিখ- ১০/৫/২০২২ খ্রি.

বিষয় : **৩০ কেজি ও ৫০ কেজি ধারণক্ষম বস্তার ব্যবহার প্রসঙ্গে।**


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২২ মৌসুম চলমান রয়েছে। চলতি অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২২ মৌসুমে সারাদেশে সর্বমোট ১১.০০ লাখ মে.টন সিদ্ধ ও ০.৫০ লাখ মে.টন আতপ চাল এবং ৬.৫০ লাখ মে.টন ধান সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে।

খাদ্য বান্ধব কর্মসূচি ও ডিজিডি কর্মসূচিতে বিতরণের জন্য সাধারণত ৩০ কেজি ধারণক্ষম বস্তায় চাল সংগ্রহ করা হয়ে থাকে। দেশব্যাপী বস্তার মজুত বিশ্লেষণে দেখা যায়, চলতি বোরো সংগ্রহ, ২০২২ মৌসুমে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রার বিপরীতে কোন কোন কেন্দ্রে ৩০ কেজি ধারণক্ষম বস্তার স্বল্পতা দেখা দিতে পারে। তবে ৫০ কেজি ধারণক্ষম বস্তার পর্যাপ্ত মজুত রয়েছে। সেক্ষেত্রে সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে উপজেলা/জেলা/বিভাগীয় পর্যায়ে ৩০ কেজি ধারণক্ষম বস্তার বিষয়টি প্রথমত সমন্বয় করতে হবে। এর পরেও কোন উপজেলায়/জেলায়/বিভাগে ৩০ কেজি ধারণক্ষম বস্তার ঘাটতি দেখা দিলে সেক্ষেত্রে চাল সংগ্রহের ক্ষেত্রে ৫০ কেজি ধারণক্ষম বস্তা ব্যবহার করা যেতে পারে। ৫০ কেজি ধারণক্ষম বস্তায় ৫০ কেজি চাল সংগ্রহ করতে হবে, একই সাথে ৫০ কেজি ধারণক্ষম বস্তার জামানত নির্ধারিত হারে গ্রহণ করতে হবে। উল্লেখ্য, ৫০ কেজি ধারণক্ষম বস্তা ব্যবহারের ক্ষেত্রে পুরাতন এবং একাধিকবার ব্যবহার হয়েছে এরূপ ৫০ কেজি ধারণক্ষম বস্তা অগ্রাধিকার (priority) ভিত্তিতে ব্যবহার করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

প্রাপক : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

.....
.....।



মোঃ রায়হানুল কবীর
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।


তারিখ- ১০/৫/২০২২ খ্রি.

স্মারক নং-১৩.০১.০০০০.০৯১.৪৭.২৪১.২০. ০৬০/৮(৫)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি জরুরিভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫। নথি কপি।


১০/৫/২২
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।


১০/৫/২২